

ছেলের পর এবার চলে গেলেন মেয়র আনিসুল হকের বাবা

কালের কণ্ঠ অনলাইন ২৪ জানুয়ারি, ২০১৮ ১৩:০২ | পড়া যাবে ২ মিনিটে

প্রিন্ট



ঢাকা উত্তরের অকাল প্রয়াত নন্দিত মেয়র আনিসুল হক ও সেনাবাহিনীর প্রধান জেনারেল [অ-](#) [অ](#) [অ+](#) আবু বেলাল মোহাম্মদ শফিউল হকের বর্ষীয়ান পিতা শরিফুল হক (৯৫) আর নেই (ইন্না নিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। আজ বুধবার বেলা ১২টার দিকে রাজধানীর সিএমএইচ-এ তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার আরেক সন্তান বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক হাসপাতালে উপস্থিত ছিলেন।

আরো পড়ুন: [মেয়র আনিসুল হকের কর্মময় জীবন](#)

বুধবার সকালে সেনাপ্রধানের পিতার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) কর্মকর্তা ইমদাদুল হক। তিনি জানান, শরিফুল হকের লাশ বর্তমানে সম্মিলিত সামরিক হাসপাতালের হিমঘরে রাখা হয়েছে। সকাল সোয়া ১১ টার দিকে তিনি মৃত্যুবরণ করেন বলে নিশ্চিত করেন চিকিৎসকরা। সৈয়দ মাস্টনুদ্দিন হোসেইন মৃত্যুকালে ৫ সন্তানের মধ্যে ২ ছেলে ২ মেয়ে রেখে গেছেন। তার ছেলে আসিনুল হক গত বছরের ৩০ নভেম্বর মৃত্যুবরণ করেন।

আরো পড়ুন: মেয়র আনিসুল হক আর নেই

এদিকে সেনাপ্রধানের বাবার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এমপি। শোকবার্তায় মন্ত্রী মরহুমের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান এবং তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন।